গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১০০/২০১৮-২০১৯

ঢাকা, মঙ্গলবার ২৩ এপ্রিল ২০১৯, ১০ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ব্রুনাইয়ের সুলতানের সঙ্গে বৈঠকে নতুন অর্থনৈতিক ফোরাম গড়ার প্রস্তাব প্রধানমন্ত্রীর

২। বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে সাতটি চুক্তি স্বাক্ষরিত

৩। বাংলাদেশের ব্যবসায়ীদের সঙ্গে ব্রুনাইয়ের ব্যবসায়ীদের অংশীদারিত্ব গড়ার আহ্বান প্রধানমন্ত্রীর

৪। বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে চমৎকার সম্পর্ক রয়েছে : রাষ্ট্রীয় ভোজসভায় প্রধানমন্ত্রী

৫। সন্ত্রাসীদের বিরুদ্ধে সোচ্চার হোন : ব্রুনাইয়ের প্রবাসীদের দেয়া গণসংবর্ধনায় প্রধানমন্ত্রী

৬। ব্রুনাইয়ের জামে আসর মসজিদ পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী

৭। ব্রুনাই সফর শেষে প্রধানমন্ত্রী আজ দেশে ফিরছেন

৮। শ্রীলংকায় বোমা হামলার ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক ও নিন্দা

৯। বাংলাদেশে শ্রীলংকার মতো হামলার আশঙ্কা নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। নেতিবাচক রাজনীতি না থাকলে প্রবৃদ্ধি আরও ২ শতাংশ বাড়ত : তথ্যমন্ত্রী

১১। শেয়ারবাজারে সূচকের ওঠানামা নিয়ে চিন্তিত হওয়ার কিছু নেই : অর্থমন্ত্রী

১২। পড়াশোনা মনের জগৎকে প্রসারিত করে : তথ্যমন্ত্রীর মায়ের লেখা গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

১৩। রমজানে পণ্যমূল্য নিয়ন্ত্রণে স্থানীয় প্রশাসনের সহায়তা চাইলেন বাণিজ্যমন্ত্রী

১৪। অনুকরণ নয়, আবিষ্কার করতে হবে : চতুর্থ বিপিও সম্মেলনে প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

১৫। বিদেশী পর্যটকদের জন্য রয়েছে পর্যাপ্ত নিরাপত্তা : বিমানপ্রতিমন্ত্রী

১৬। ভোটার তালিকা হালনাগাদ শুরু আজ

১৭। মাওয়ায় পদ্মা সেতুর ১১তম স্প্যান বসছে আজ : এ মাসেই বসবে আরও একটি স্প্যান

১৮। কলেজ ভর্তির নতুন নীতিমালা জারি

১৯। টিসিবির পণ্য বিক্রি শুরু আজ

চলমান পাতা-২

**১। ব্রুনাইয়ের সুলতানের সঙ্গে বৈঠকে নতুন অর্থনৈতিক ফোরাম গড়ার প্রস্তাব প্রধানমন্ত্রীর**

ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার পাঁচটি দেশ নিয়ে নতুন অর্থনৈতিক জোট গঠনের প্রস্তাব দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশগুলো হলো বাংলাদেশ, মালদ্বীপ, মালয়েশিয়া, ব্রুনাই ও ইন্দোনেশিয়া। ব্রুনাইয়ের সুলতানের সরকারি বাসভবন ইস্তানা নুরুল ইমানের চেরাদি লায়লা কেনচানায় গতকাল (২২ এপ্রিল সোমবার) দেশটির সুলতান হাজি হাসানাল বলকিয়ার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে এ প্রস্তাব দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে বাংলাদেশে বিনিয়োগ বাড়ানোরও প্রস্তাব দেন তিনি। এ সময় রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য সব ধরনের উদ্যোগ নেওয়ার আহ্বান জানান সুলতান। ব্রুনাইয়ের স্থানীয় সময় গতকাল ২২ এপ্রিল সোমবার সকাল ১১টায় সুলতান হাসানাল বলকিয়ার সরকারি বাসভবন ইস্তানা নুরুল ইমানে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশটির রাষ্ট্রীয় প্রথা ভেঙে সম্মান জানাতে প্রাসাদের করিডোরে এসে তাঁকে স্বাগত জানান সুলতান ও ক্রাউন প্রিন্স (যুবরাজ) আল-মুহতাদি বিল্লাহ বলকিয়া। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**২। বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে সাতটি চুক্তি স্বাক্ষরিত**

বাংলাদেশ ও ব্রুনাই গতকাল (২২ এপ্রিল সোমবার) কৃষি, মৎস্য, পশুসম্পদ, সংস্কৃতি ও ক্রীড়া এবং এলএনজি সরবরাহের ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার জন্য সাতটি চুক্তি স্বাক্ষর করেছে। ব্রুনাইয়ের সুলতানের সরকারি বাসভবন ইস্তানা নূরুল ইমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ব্রুনাইর সুলতান হাজী হাসানাল বলকিয়ার মধ্যে আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় বৈঠকের পর এ চুক্তিগুলো স্বাক্ষরিত হয়। সাতটি চুক্তির মধ্যে ছয়টি সমঝোতা স্মারক (এমওইউ) এবং একটি বিনিময় নোট। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**৩। বাংলাদেশের ব্যবসায়ীদের সঙ্গে ব্রুনাইয়ের ব্যবসায়ীদের অংশীদারিত্ব গড়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রবৃদ্ধি ও সমৃদ্ধির লক্ষ্যে অভিন্ন যাত্রায় বাংলাদেশের ব্যবসায়ী সম্প্রদায়ের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলার জন্য ব্রুনাইয়ের ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২২ এপ্রিল সোমবার) ব্রুনাইয়ের রাজধানী বন্দর সেরি বেগওয়ানে এম্পায়ার হোটেল অ্যান্ড কান্ট্রি ক্লাব আয়োজিত বাংলাদেশ-ব্রুনাই বিজনেস ফোরামের উদ্বোধন অনুষ্ঠানে এ আহ্বান জানান তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ব্যয়, মানবসম্পদ, অভ্যন্তরীণ বাজারের আকার, আন্তর্জাতিক বাজারে প্রবেশাধিকার, বাণিজ্য সুবিধা, বিনিয়োগ সুরক্ষা এবং সামাজিক-রাজনৈতিক স্থিতিশীলতার প্রেক্ষাপটে বিনিয়োগের জন্য বাংলাদেশ অত্যন্ত প্রতিযোগিতামূলক স্থান হয়ে উঠেছে। সূত্র-**সমকাল** (পৃ. ১৫,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৪। বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে চমৎকার সম্পর্ক রয়েছে : রাষ্ট্রীয় ভোজসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে চমৎকার সম্পর্ক বিরাজ করছে। মূল্যবোধ, ধর্ম, সাংস্কৃতিক সম্পর্ক এবং অনেক অভিন্ন বিষয়ের ভিত্তিতে এ সম্পর্ক গড়ে উঠেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সম্মানে গতকাল (২২ এপ্রিল সোমবার) ব্রুনাইয়ের সরকারি বাসভবন ইসতানা নূরুল ইমানে রয়েল ব্যাঙ্কুয়েট হলে সুলতান আলহাজ হাসানাল বোলকিয়ার দেওয়া এক ভোজসভায় এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

**৫। সন্ত্রাসীদের বিরুদ্ধে সোচ্চার হোন : ব্রুনাইয়ের প্রবাসীদের দেয়া গণসংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রীলঙ্কায় ভয়াবহ বোমা হামলার তীব্র নিন্দা করে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে সোচ্চার হতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। ব্রুনাইতে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের তাঁকে দেয়া এক গণসংবর্ধনায় প্রধানমন্ত্রী বলেন, শ্রীলঙ্কার ৮টি স্থানে সংঘটিত বোমা হামলায় বহু লোক নিহত ও আহত হয়েছে। আরেকটি দুঃখজনক ঘটনা হলো শেখ ফজলুল করিম সেলিমের মেয়ের পরিবার শ্রীলঙ্কায় বোমা হামলার শিকার হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, কয়েক সপ্তাহ আগে নিউজিল্যান্ডেও এ ধরনের সন্ত্রাসী হামলা হয়েছে। তিনি জানান, তাঁর সরকার শুধু সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ নির্মূলে কেবল জিরো টলারেন্স নীতি ঘোষণা করেনি, গোয়েন্দা সংস্থাগুলোকেও সতর্ক রেখেছে। প্রধানমন্ত্রী আরো বলেন, আমরা সন্ত্রাসবাদীদের চিহ্নিত করা মাত্রই তাদের বিরুদ্ধে ত্বরিত পদক্ষেপ নিচ্ছি। বাংলাদেশের মাটিতে জঙ্গিবাদী, সন্ত্রাসবাদী, দুর্নীতিবাজ ও মাদকাসক্তদের ঠাঁই হবে না উল্লেখ করে তিনি বলেন, আমরা জনগণের জীবনমান উন্নয়নে পদক্ষেপ নিচ্ছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

**৬। ব্রুনাইয়ের জামে আসর মসজিদ পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্রুনাইয়ের দুটি জাতীয় মসজিদের একটি বৃহত্তম 'জামে আসর মসজিদ' পরিদর্শন করেছেন। প্রধানমন্ত্রী গতকাল (২২ এপ্রিল সোমবার) মসজিদটি পরিদর্শন করেন এবং সেখানে আসরের নামাজ আদায় করেন। এ সময় তিনি দেশ ও জাতির সমৃদ্ধি ও উন্নতির পাশাপাশি মুসলিম উম্মার শান্তি এবং ঐক্য কামনা করেন। এর আগে প্রধানমন্ত্রী মসজিদের ২৯টি স্বর্ণের গম্বুজ এবং ১শ ৯০ ফুট উঁচু চারটি মিনারসহ বিভিন্ন অংশ ঘুরে দেখেন। তিনি এ সময় মসজিদে অবস্থানরত মুসল্লিদের সঙ্গে মতবিনিময় এবং পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**৭। ব্রুনাই সফর শেষে প্রধানমন্ত্রী আজ দেশে ফিরছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্রুনাই দারুসসালামে তিন দিনের সরকারি সফর শেষে আজ ২৩ এপ্রিল মঙ্গলবার সন্ধ্যায় দেশে ফিরবেন। বাংলাদেশ বিমান এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে আজ সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণের কথা রয়েছে। এর আগে তিনি স্থানীয় সময় বিকেল ৫টায় ঢাকার উদ্দেশে ব্রুনাই ত্যাগ করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

**৮। শ্রীলংকায় বোমা হামলার ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক ও নিন্দা**

শ্রীলংকায় গির্জা ও হোটেলে একযোগে বোমা হামলার ঘটনায় রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তীব্র নিন্দা ও শোক জানিয়েছেন। রাষ্ট্রপতি এক শোকবার্তায় আহত ব্যক্তিদের দ্রুত আরোগ্য কামনা করে শ্রীলংকা সরকার ও জনগণের প্রতি গভীর সমবেদনা জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অপর এক শোক বার্তায় নিহত ব্যক্তিদের আত্মার শান্তি কামনা করেন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। আহত ব্যক্তিদের দ্রুত সুস্থতা কামনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৯। বাংলাদেশে শ্রীলংকার মতো হামলার আশঙ্কা নেই : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশে শ্রীলঙ্কার মতো হামলার কোনো আশঙ্কা নেই। শ্রীলঙ্কায় বোমা হামলায় আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক স্বাস্থ্যমন্ত্রী শেখ সেলিমের নাতি জায়ান চৌধুরী মারা যায়। গুরুতর আহত হয়েছেন জায়ানের বাবা মশিউল হক চৌধুরী প্রিন্স। এ ঘটনায় গতকাল (২২ এপ্রিল সোমবার) রাজধানীর বনানীতে শেখ সেলিমের পরিবারের প্রতি সমবেদনা জানাতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, জায়ান চৌধুরীর লাশ আজ ২৩ এপ্রিল মঙ্গলবার দেশে আসবে। শ্রীলঙ্কার ডাক্তাররা জায়ানের বাবা আহত মশিউল হক চৌধুরীর চিকিৎসা করছেন। তিনি এখন ঝুঁকিমুক্ত আছেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শ্রীলঙ্কায় ভয়াবহ বোমা হামলার ঘটনায় বাংলাদেশ সতর্ক আছে। বাংলাদেশে কোনো হুমকি নেই। বাংলাদেশে কোনো রেড অ্যালার্ট জারি করা হয়নি। তবে আমাদের আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনী সতর্ক ছিল এবং আছে। তারপরও আমরা ইস্টার সানডের জন্য বিশেষ নজর রেখেছিলাম আমাদের চার্চগুলোর দিকে। এছাড়া শবেবরাতের জন্যও আমাদের নিরাপত্তা বাহিনী সতর্ক ছিল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**১০। নেতিবাচক রাজনীতি না থাকলে প্রবৃদ্ধি আরও ২ শতাংশ বাড়ত : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দেশে নেতিবাচক রাজনীতি না থাকলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও অন্তত দুই শতাংশ বৃদ্ধি পেত। তারপরও বাংলাদেশ ধারাবাহিকভাবে সর্বোচ্চ প্রবৃদ্ধি ধরে রাখা বিশ্বের প্রথম পাঁচটি দেশের অন্যতম। তথ্যমন্ত্রী বলেন, ২০০৮ সালের নির্বাচনে আওয়ামী লীগের দুই প্রধান অঙ্গীকার ছিল, দিনবদল আর ডিজিটাল বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার যুগান্তকারী নেতৃত্বে আমরা দুটি অঙ্গীকার পালনে সমর্থ হয়েছি। বাংলাদেশ এখন স্বল্পোন্নত দেশের কাতার থেকে মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে। তথ্যমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য গতিশীল নেতৃত্বে ২০০৮ সালে ৬০০ ডলারের মাথাপিছু আয় তিনগুণ বেড়ে এখন প্রায় দুই হাজার ডলার। মানুষের গড় আয়ু ৬৫ থেকে বেড়ে দাঁড়িয়েছে ৭২ দশমিক ৮ বছর। মানবিক, সামাজিক ও অর্থনৈতিক সব সূচকে আমরা পাকিস্তানসহ বিশ্বের অনেক দেশ থেকে এগিয়ে আছি। গত ২১ এপ্রিল রোববার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনের সেমিনার হলে 'শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়ন ও সমৃদ্ধির দশ বছর' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬)।

**১১। শেয়ারবাজারে সূচকের ওঠানামা নিয়ে চিন্তিত হওয়ার কিছু নেই : অর্থমন্ত্রী**

পৃথিবীর সব দেশের শেয়ারবাজারে সূচকের ওঠানামা হয়। বাংলাদেশেও এর ব্যতিক্রম নয়। তাই সূচকের ওঠানামা নিয়ে চিন্তিত হওয়ার কিছু নেই। বর্তমান শেয়ারবাজার সঠিক অবস্থানে রয়েছে। শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানির পিই রেশিও শেয়ার কেনার মতো পর্যায়ে রয়েছে। গতকাল (২২ এপ্রিল সোমবার) চলমান শেয়ারবাজার পরিস্থিতি নিয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে (বিএসইসি) আয়োজিত এক জরুরি সভা শেষে সাংবাদিকদের এ কথা জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৬) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**১২। পড়াশোনা মনের জগৎকে প্রসারিত করে : তথ্যমন্ত্রীর মায়ের লেখা গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, পড়াশোনা মনের জগৎকে প্রসারিত করে। পড়াশোনা না করলে মানবজীবনের অর্থটা সংকীর্ণ হয়ে ওঠে। স্রষ্টা যে অসীম সম্ভাবনা দিয়ে আমাদের পৃথিবীতে পাঠিয়েছেন তার সার্থকতা অনেকখানি কমে যায়। গতকাল (২২ এপ্রিল সোমবার) চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে তথ্যমন্ত্রীর মা অধ্যাপক কামরুন নাহার বেগম রচিত 'আমার দেখা অস্ট্রেলিয়া মহাদেশ এবং এশিয়া ও ইউরোপের ১৩টি দেশ' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

**১৩। রমজানে পণ্যমূল্য নিয়ন্ত্রণে স্থানীয় প্রশাসনের সহায়তা চাইলেন বাণিজ্যমন্ত্রী**

রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুদ, সরবরাহ ও মূল্য স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার নির্দেশনা দিয়ে বিভাগীয় কমিশনারদের চিঠি দিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গত ১৭ এপ্রিল বিভাগীয় কমিশনারদের চিঠি পাঠানো হয়েছে। ঐ চিঠিতে বাণিজ্যমন্ত্রী সব জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদেরও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশনা দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১৪। অনুকরণ নয়, আবিষ্কার করতে হবে : চতুর্থ বিপিও সম্মেলনে প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

জাতির পিতা বঙ্গবন্ধুর দৌহিত্র ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকলে দেশের উন্নতি হয়। বিশ্বের মধ্যে বাংলাদেশ দ্রুত গতিতে প্রযুক্তি ক্ষেত্রে উন্নতি করেছে। আমরা আরো দ্রুত দেশের উন্নয়ন করতে চাই। গতকাল (২২ এপ্রিল সোমবার) রবিবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে দুই দিনব্যাপী চতুর্থ বিপিও সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বিশ্বব্যাপী আইসিটি সেক্টরের নেতৃত্ব গ্রহণে তরুণ উদ্যোক্তাদের প্রতি তাদের নিজস্ব উদ্ভাবনী ধারণা সৃষ্টির আহ্বান জানিয়ে সজীব ওয়াজেদ জয় বলেন, বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) শিল্পের সাথে যুক্ত ব্যক্তিবর্গের প্রতি আমার বার্তা হচ্ছে, আপনারা আপনাদের নিজস্ব উদ্ভাবন এবং ভিশন ঠিক করুন, নিজস্ব ধারণা অনুসন্ধান করুন, নতুন নতুন প্রযুক্তি আবিষ্কার করুন, আমরা অনুকরণ করব না, উদ্ভাবন করব। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**১৫। বিদেশি পর্যটকদের জন্য রয়েছে পর্যাপ্ত নিরাপত্তা : বিমানপ্রতিমন্ত্রী**

বাংলাদেশে বিদেশী পর্যটকদের জন্য পর্যাপ্ত নিরাপত্তা থাকার কথা নিশ্চিত করে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় প্রতিমন্ত্রী মোঃ মাহবুব আলী বলেছেন, সরকার সকল পর্যটকের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিজ্ঞাবদ্ধ। পর্যটকরা যাতে বাংলাদেশে নিরাপদে ভ্রমণ এবং এর সৌন্দর্য নিশ্চিন্তে উপভোগ করতে পারেন তার জন্য সরকার সকল প্রকার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করেছে। এ নিয়ে বিদেশী পর্যটকদের উদ্বেগের কারণ নেই। শ্রীলঙ্কা সিরিজ বোমা হামলার একদিন পর তিনি বলেন, দেশের সকল বিমানবন্দর ও পর্যটনকেন্দ্রগুলোতে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে। গতকাল (২২ এপ্রিল সোমবার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক আয়োজিত 'বিদেশী সাংবাদিক ও ট্যুর অপারেটর পরিচিতিমূলক ভ্রমণ' এর সমাপনী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ইনকিলাব** (পৃ.৩,ক৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**১৬। ভোটার তালিকা হালনাগাদ শুরু আজ**

আজ (২৩ এপ্রিল মঙ্গলবার) থেকে ভোটার তালিকা হালনাগাদের তথ্য সংগ্রহ শুরু করবে নির্বাচন কমিশন (ইসি)। এবার হালনাগাদে প্রায় ৮০ লাখ নাগরিকের তথ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ধরেছে সাংবিধানিক সংস্থাটি। আজ থেকে আগামী ১৩ মে পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে। এ সময় আঠারো বছরের কম বয়সী (২০০৪ সালের ১ জানুয়ারি বা তার আগে যাদের জন্ম )

নাগরিকদেরও তথ্য নেওয়া হবে। এতে প্রথমে ১৩৫ উপজেলায় তথ্য নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।



**১৭। মাওয়ায় পদ্মা সেতুর ১১তম স্প্যান বসছে আজ : এ মাসেই বসবে আরও একটি স্প্যান**

মুন্সীগঞ্জ জাজিরায় ১১তম স্প্যান বসছে আজ ২৩ এপ্রিল মঙ্গলবার। সেতুর জাজিরা প্রান্তের ৩৩ ও ৩৪ নম্বর খুঁটির ওপর '৬সি' নম্বর স্প্যানটি বসানো হবে। এছাড়া '৬সি' নম্বর স্প্যান স্থাপনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এ স্প্যান বসানোর মধ্য দিয়ে সেতুর দৃশ্যমান হবে ১৬৫০ মিটার। চলতি মাসেই ১২ তম স্প্যান বসানো হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৮। কলেজ ভর্তির নতুন নীতিমালা জারি**

নতুন শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। জারি করা নতুন এ নীতিমালা অনুসারে আগামী ১২ মে থেকে প্রথম পর্যায়ে ভর্তির জন্য অনলাইনে ও এসএমএসের মাধ্যমে আবেদন গ্রহণ শুরু হবে। চলবে আগামী ২৩ মে পর্যন্ত। নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ হবে ১০ জুন। ভর্তি শুরু হবে ২৭ জুন ও ১ জুলাই থেকে শুরু হবে ক্লাস। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

**১৯। টিসিবির পণ্য বিক্রি শুরু আজ**

রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) আসন্ন পবিত্র রমজান উপলক্ষে আজ ২৩ এপ্রিল মঙ্গলবার থেকে সারা দেশে ন্যায্যমূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় শুরু করবে। প্রথম অবস্থায় তিনটি পণ্য (চিনি, ভোজ্যতেল ও মসুরের ডাল) বিক্রি করবে। তবে খেঁজুর ও ছোলা রমজানের আগেই বিক্রি করা হবে বলে জানিয়েছে টিসিবি, যা চলবে রমজানের শেষ দিন পর্যন্ত। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.১), **আমাদের সময়** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক:** বরিশালের আগৈলঝাড়ায় মন্দিরে প্রতিমা ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে উল্লেখ করে এর জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার পাশাপাশি এ ধরনের ন্যক্কারজনক ঘটনার পুনরাবৃত্তিরোধে সংশ্লিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা পালন করার সুপারিশ।

খ. **সমকাল:** কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার লক্ষ্যে মেহেরপুরে কয়েক বছর আগে গড়ে তোলা ৬টি কৃষিপণ্য সংগ্রহ ও বিপণনকেন্দ্র তালাবদ্ধ অবস্থায় রয়েছে উল্লেখ করে কৃষক ও ভোক্তার স্বার্থে এগুলো খোলার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ:** চট্টগ্রামের কর্ণফুলীসহ রাজধানীর চারপাশের নদ-নদী সর্বোপরি দেশের সব নদী ও শাখা নদীকে দখল-দূষণমুক্ত করে সারাবছর ধরে নাব্য রাখার জন্য সরকার একটি মহাপরিকল্পনা গ্রহণ করেছে উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর:** রাজধানীর প্রগতি সরণিতে বসুন্ধরা গেটসংলগ্ন এলাকায় ফুটওভারব্রিজের অভাবে প্রতিদিন লাখো মানুষ জীবনের ঝুঁকি নিয়ে রাস্তা পারাপার হচ্ছে উল্লেখ করে এ স্থানে নির্মিতব্য ফুটওভারব্রিজটি দ্রুত শেষ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন:** শিক্ষার্থীদের নিরাপদ সড়ক আন্দোলন, সড়ক নিয়ে নানা পরিকল্পনা, দুর্ঘটনার জন্য নতুন শাস্তির বিধান, চালক ও নাগরিক সচেতনতা বৃদ্ধির প্রচেষ্টাসহ বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণের পরও কিছুতেই রোধ করা যাচ্ছে না সড়ক দুর্ঘটনা উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে:** পাহাড়ে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের দ্রুত অন্যত্র স্থানান্তরের ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত, প্রধানমন্ত্রীর নির্দেশনায় দেশজুড়ে নদী দখল রোধে যে অভিযান চলছে তার সাফল্য সময়েরই দাবি।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/ মাসুম/২০১৮/৯.০০ঘন্টা